

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪৪৭৮(আগরতলা ০৬।০৩)

সোনামুড়া, ৬ মার্চ, ২০১৯

রক্তদানকে আন্দোলনে পরিণত করতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

রক্তদান হচ্ছে মানবতার শ্রেষ্ঠ দান। মুমূর্ষু রোগীর জীবন রক্ষায় স্বেচ্ছায় রক্তদান আমাদের পবিত্র কর্তব্য। আজ মেলাঘরে রামকৃষ্ণ সেবাশ্রম আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সুদীপ রায় বর্মন একথা বলেন। মেলাঘর রামকৃষ্ণ সেবাশ্রম প্রাঙ্গণে আয়োজিত এই রক্তদান শিবিরে মোট ৬৭ জন স্বেচ্ছায় রক্তদান করেন। আই জি এম এবং বিশালগড় ব্লাড ব্যাঙ্কের চিকিৎসক এবং কর্মীরা এই রক্তদান শিবির পরিচালন করেন। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিধায়ক সুভাষ চন্দ্র দাস। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন উত্তম দাস, ভাইস চেয়ারপার্সন সুপাঙ্ক সরকার। শিবিরের উদ্বোধন করে স্বাস্থ্যমন্ত্রী সুদীপ রায় বর্মন আরো বলেন, রাজ্যে রক্তের প্রচুর ঘাটতি রয়েছে। এই চাহিদা পূরণ করতে তিনি স্বেচ্ছা রক্তদানকে আন্দোলনে পরিণত করতে সকলের প্রতি আবেদন জানান। তিনি বলেন, রক্তের তিনটি কম্পোনেন্ট রয়েছে। আমাদের রাজ্যে জিবি, আই জি এম এবং গোমতী জেলা হাসপাতালে এই তিনটি কম্পোনেন্টকে আলাদা করার ব্যবস্থা রয়েছে। স্বাস্থ্যমন্ত্রী বলেন, মানুষ রক্ত দান করলে মুমূর্ষু রোগী যেমন উপকৃত হবেন, পাশপাশি রক্তদাতারাও উপকৃত হন। রাজ্যে রক্তের চাহিদা মেটাতে বিভিন্ন সংগঠন ও সংস্থাকে বছরে অন্তত দুইবার রক্তদান শিবির করার জন্য তিনি আবেদন জানান। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন মেলাঘর রামকৃষ্ণ সেবাশ্রমের সম্পাদক রামকৃষ্ণ সাহা। উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী রতন দাস, বিশ্বজিৎ দাস, পবিত্র দাস প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেলাঘর রামকৃষ্ণ সেবাশ্রমের সভাপতি নগেন্দ্র দেবনাথ।
